


মাধ্যমিক বিদ্যালয় এবং মাদ্রাসাগুলিতে রাজ্যব্যাপী জনসম্পদ বিষয়ক শিক্ষা সপ্তাহ উদ্‌যাপন

তারিখ ১১-১৭ জুলাই, ২০০৫

আয়োজক

রাজ্য শিক্ষা গবেষণা ও প্রশিক্ষণ পরিষদ
(পশ্চিমবঙ্গ)
২৫/৩, বালিগঞ্জ সার্কুলার রোড
কলকাতা - ৭০০ ০১৯

সহযোগিতায়

পশ্চিমবঙ্গ মধ্য শিক্ষা পর্ষদ
পশ্চিমবঙ্গ মাদ্রাসা শিক্ষা পর্ষদ

জনসম্পদ শিক্ষা কি?

Population কথাটির সাধারণ অর্থ জনসংখ্যা। বর্তমান প্রসঙ্গে মানুষের সৃজনী সম্ভাবনার বিষয়টিকে বিশেষ গুরুত্ব দেওয়া হয়। তাই এই কর্মসূচিতে Population শব্দটিকে অধিকাংশ ক্ষেত্রে জনসম্পদ হিসাবে গণ্য করা হয়েছে।

১৯৯৪ সালে কায়রোতে অনুষ্ঠিত এই বিষয়ক আন্তর্জাতিক সম্মেলনে জনসম্পদ বিষয়ক শিক্ষা বিষয়টির একটি সংজ্ঞা নিরূপণ



করা হয়েছে। এতে বলা হয়েছে জনসম্পদ বিষয়ক শিক্ষা হল একটি শিখন প্রক্রিয়া যা শিক্ষার্থীদের জনসংখ্যা ও উন্নয়নের পারস্পরিক সম্পর্ক, জনসংখ্যা পরিবর্তনের কারণ ও ফলাফল এবং জনসংখ্যার স্থিতাবস্থার গুরুত্ব সম্পর্কে বুঝতে সাহায্য করে। এই শিক্ষা

শিক্ষার্থীদের মধ্যে জনসংখ্যা ও উন্নয়ন সম্পর্কে একটি যুক্তিপূর্ণ মনোভাব এবং দায়িত্বশীল আচরণ গড়ে তোলে, যাতে তারা পরবর্তী জীবনে সংশ্লিষ্ট বিষয়ে অবহিত হয়ে সিদ্ধান্ত নিতে সক্ষম হয়।

বিদ্যালয়স্তরে জনসম্পদ বিষয়ক শিক্ষার প্রয়োজনীয়তা

মানবজীবনের গুণগত মানোন্নয়ন এবং সামাজিক বিকাশের জন্য জনসংখ্যা, বিবিধ সম্পদ সমূহ এবং পরিবেশের মধ্যে একটি সুষম ভারসাম্য থাকা প্রয়োজন। এই সঙ্গতিবিধানের প্রক্রিয়াতে শিক্ষার ভূমিকা মূল্যবান, কারণ শিক্ষাই



জনসংখ্যার পরিবর্তন, সামাজিক ও প্রাকৃতিক পরিবেশের উপর তার প্রভাব যা উন্নয়নের সঙ্গে সম্পর্কিত — সে সম্পর্কে ব্যক্তিকে সচেতন করে তোলে। এইজন্য জনসংখ্যা ও উন্নয়ন সম্পর্কিত সমস্যা সমাধানকল্পে বহুমুখী পরিকল্পনার অবিচ্ছেদ্য অঙ্গ হিসাবে জনসম্পদ বিষয়ক শিক্ষা স্বীকৃত হয়েছে। মাধ্যমিক স্তরের শিক্ষার্থীরা জীবনের গড়ে ওঠার পর্য্যায়ে থাকে। তারা বয়সোচিত পরিনমন অনুযায়ী জনসম্পদ সংক্রান্ত বিষয়গুলি যথাযথ গভীরতায় অনুধাবন করতে পারে।



এই জনসংখ্যা সচেতনতার মূল উদ্দেশ্য হল — শিক্ষার্থীদের মধ্যে পারিবারিক ও সামাজিক জীবনের প্রতি একটি সুস্থ মনোভাব গড়ে তুলতে এবং কয়েকটি সক্ষমতা অর্জন করতে সাহায্য করা। প্রাসঙ্গিক সক্ষমতাগুলিকে **জীবন দক্ষতা** নামে অভিহিত করা হয়, যেমন আত্মোপলব্ধি, মত প্রকাশের দৃঢ়তা, আবেগের নিয়ন্ত্রণ, সহিষ্ণুতা, সহমর্মিতা, আত্মমর্যাদাবোধ, আত্মপ্রকাশ ইত্যাদি। এই বিভিন্ন জীবন দক্ষতার সন্নিবেশ ব্যক্তির জীবনশৈলী গড়ে তোলে যা তার জীবনযাপনের অভিমুখ নির্দিষ্ট করে দেয়।

জনসম্পদ বিষয়ক শিক্ষা সপ্তাহ পালনের উদ্দেশ্য -

প্রায় একদশক ধরে এস. সি. ই. আর. টি (পশ্চিমবঙ্গ) আন্তর্জাতিক জনসংখ্যা দিবস হিসাবে প্রত্যেক বছর ১১ই জুলাই তারিখটিকে উদ্‌যাপন করে আসছে। এই বছর একদিনের পরিবর্তে সপ্তাহব্যাপী (১১ই জুলাই — ১৭ই জুলাই, ২০০৫) কর্মসূচি গৃহীত হয়েছে কারণ পশ্চিমবঙ্গ মধ্যশিক্ষা ও মাদ্রাসাশিক্ষা পর্ষদ এই শিক্ষাবর্ষ থেকে প্রাথমিক ও মাধ্যমিক স্তরে

জনসম্পদ শিক্ষার অঙ্গ হিসাবে জীবনশৈলী শিক্ষা প্রবর্তনের সিদ্ধান্ত নিয়েছে। এই শি... কর্মসূচির উদ্দেশ্য হল -

১. জনসংখ্যা এবং ধারণযোগ্য উন্নয়নের আ... সম্পর্ক বিষয়ে শিক্ষার্থীদের সচেতন ক...
২. জনসংখ্যার স্থিতাবস্থা এবং উন্নততর মা... জীবনযাত্রা সম্পর্কে তাদের সচেতন ক...
৩. বিপরীত লিঙ্গের প্রতি শ্রদ্ধা জাগিয়ে তো...



৪. ব্যক্তি এবং সমাজের প্রতি যুক্তিপূর্ণ মনোভাব ও দায়িত্বশীল আচরণ সঞ্চারিত করা।
৫. স্বাভাবিক ও স্বতঃস্ফূর্ত দক্ষতাগুলিকে (উৎপাদনমুখী, সামাজিক ও ব্যক্তিগত) লালন করা এবং অন্যান্য সক্ষমতাগুলিকে প্রশিক্ষণ ও চর্চার মাধ্যমে বিকশিত করা।

এই উদ্দেশ্যগুলি অর্জন করার জন্য পশ্চিমবঙ্গের বিদ্যালয় ও মাদ্রাসাগুলিতে কিছু সহপাঠক্রমিক কার্যাবলির পরিকল্পনা করা হয়েছে।

সহপাঠক্রমিক কার্যাবলি -

শ্রেণীকক্ষে শিক্ষণ প্রক্রিয়াটি সমৃদ্ধ করার জন্য একটি শিশুর ব্যক্তিত্বের বিকাশের উদ্দেশ্যে সহপাঠক্রমিক কার্যাবলি অনুসরণ করা হয়।

ই কার্যক্রম অনুশীলনের ফলে শিক্ষার্থীরা বিধ দক্ষতা অর্জন করতে পারে। বিশেষতঃ নমূলক, নান্দনিক-মূল্যবোধ সমন্বিত দক্ষতা। ইসঙ্গে তাদের মধ্যে কিছু গুণাবলীর বিকাশ যেমন মানিয়ে চলার দক্ষতা, সহযোগিতা, র্মিতা, সহিষ্ণুতা, সৃজনশীলতা ইত্যাদি। মূল লক্ষ্য অংশগ্রহণকারীদের মধ্যে শুধু রণ সচেতনতা গড়ে তোলাই নয়, জনসম্পদ ন্ত বিষয়গুলির সম্পর্কে তাদের চিন্তা তে অনুপ্রাণিত করা। যেমন ক্রমবর্ধমান দ্র্য, মাদকাশক্তি, লিঙ্গ বৈষম্য এবং নারীর তায়ন। অন্যান্য বিষয়গুলির মধ্যে জাতপাত, য় বিভাজন, পণপ্রথা, নিরক্ষরতা প্রভৃতি গুলিও থাকবে। কার্যাবলির মধ্যে প্রশ্নোত্তর, র্ক, গান, নাচ, নাটক, আবৃত্তি, চিত্র, পোস্টার, ন প্রভৃতি বিষয় থাকবে।



এক্ষেত্রে মূল ভাবনাগুলি হল-

এক : জনসংখ্যা এবং ধারণযোগ্য উন্নয়ন

প্রস্তাবিত কাজ	বিষয়
* প্রবন্ধ রচনা	○ আমার চোখে ভারতবর্ষের জনসংখ্যা

○ বায়ু দূষন
মানবজীবনে প্রভাব।
○ মৃত্তিকা ও জল...।

* বিতর্ক ○ ভারতের জনবিস্ফোরণ — একটি অশনি সংকেত।
○ সবুজ বিপ্লব — কৃষির পক্ষে ক্ষতিকারক।

* পোস্টার অংকন ○ বৃক্ষচ্ছেদনের প্রভাব।

দুই : লিঙ্গ সমতা এবং নারীর ক্ষমতায়ন

প্রস্তাবিত কাজ	বিষয়
* প্রবন্ধ রচনা	○ মহিলাদের কর্মসংস্থান।
	○ সমাজ ও স্বাস্থ্যপরিষেবা
	○ সমাজে নারীর ভূমিকা
* বিতর্ক	○ বর্তমান সমাজে মেয়েদের দ্বিতীয় শ্রেণী নাগরিক হিসাবে গণ্য করা হয়।
	○ নারীকে শিক্ষা দেওয়ার অর্থ একটি সমাজকে শিক্ষিত করে তোলা।



* ...তিক	○ চণ্ডালিকার প্রথম অংশ।
* ...স্টার ...ংকন	○ পণপ্রথা।

তি... স্বাস্থ্য, পুষ্টি, শিক্ষা : জনসংখ্যা পরিবর্তন ও জীবনমানের প্রধান নির্ধারক।

প্র...বিত কাজ	বিষয়
* ...বন্ধ রচনা	○ যুবসমাজ ও মাদকাশক্তি
	○ জাতির উন্নয়নে যুবসমাজের ভূমিকা।
* ...স্টার ...ংকন	○ নিরক্ষরতা একটি সামাজিক অভিশাপ।
	○ দারিদ্র্য এবং সামাজিক পরিবেশ।



চার : জীবনশৈলী শিক্ষা : দক্ষতার বিকাশ

ছাত্রছাত্রীদের শারীরিক, মানসিক ও সামাজিক সুস্থতা অর্জনে সক্ষম করে তোলার উদ্দেশ্যে পশ্চিমবঙ্গ মধ্য শিক্ষা পর্ষদ ও পশ্চিমবঙ্গ মাদ্রাসা শিক্ষা পর্ষদ উচ্চ প্রাথমিক ও মাধ্যমিক স্তরে জীবনশৈলী শিক্ষা প্রবর্তনের সিদ্ধান্ত নিয়েছে। যদিও জীবনবিজ্ঞানের বর্তমান পাঠ্যসূচির



পরিমার্জন এই কার্যক্রমের অন্তর্গত, তথাপি কিছু সুপরিকল্পিত সহপাঠক্রমিক কার্যাবলির উপর জোর দেওয়া হয়েছে এরকম কিছু সহপাঠক্রমিক কার্যাবলির উদাহরণ দেওয়া হল -

প্রস্তাবিত কাজ	বিষয়
* দলগত আলোচনা	○ মূল্যবোধ এবং বর্তমান সমাজ।
	○ দূরদর্শন এবং যুবসমাজ
* বিতর্ক	○ বর্তমান সমাজে নারীদের দ্বিতীয় শ্রেণীর নাগরিক হিসাবে গণ্য করা হয়।
ভূমিকা অভিনয়	○ ধূমপান/ মাদকশক্তির কুফল
চিত্র ও পোস্টার অংকন	○ প্রাকৃতিক সম্পদ (জল, অরণ্য ইত্যাদি) সংরক্ষণ।
	সামাজিক পরিবেশের বিভিন্ন দিক : দারিদ্র্য, অপুষ্টি ইত্যাদি।

আশা করা যায় শিক্ষক - শিক্ষিকাগণ তাঁদের এলাকা ভিত্তিক প্রয়োজন ও চাহিদার গুরুত্ব অনুসারে আরো কিছু সহপাঠক্রমিক কার্যাবলি প্রণয়ন করবেন।

দয়া করে এই পৃষ্ঠাটিতে যথাযথ স্থানে তথ্যগুলি লিখে দিন এবং
এস. সি. ই. আর. টি (পশ্চিমবঙ্গ) দপ্তরে পাঠিয়ে দিন।

রাজ্য শিক্ষা গবেষণা ও প্রশিক্ষণ পরিষদ
এস. সি. ই. আর. টি. (পশ্চিমবঙ্গ)
২৫/৩ বালিগঞ্জ সারকুলার রোড, কলকাতা- ৭০০ ০১৯

জনসম্পদ বিষয়ক শিক্ষা সপ্তাহ উদ্‌যাপন

১১-১৭ জুলাই, ২০০৫

১. ক) বিদ্যালয়/ মাদ্রাসার নাম ....

....

খ) বিদ্যালয়/ মাদ্রাসার অবস্থান - শহরে/ গ্রামে ☐

অনুগ্রহ করে বিষয়ক তথ্যগুলো দিন

২. ক) বিদ্যালয়/ মাদ্রাসাটি উচ্চ প্রাথমিক/ মাধ্যমিক অথবা উচ্চ মাধ্যমিক

....

খ) বিদ্যালয়/ মাদ্রাসাটি বালকদের/ বালিকাদের অথবা সহশিক্ষামূলক

....

গ) বিদ্যালয়ে/ মাদ্রাসায় মোট শিক্ষক সংখ্যা ....

৩. ক) বিদ্যালয়ে/ মাদ্রাসায় মোট শিক্ষার্থী সংখ্যা

	ষষ্ঠ	সপ্তম	অষ্টম	নবম	দশম
বালক					
বালিকা					
মোট					

খ) প্রত্যেক শ্রেণীতে অংশগ্রহণকারী শিক্ষার্থীর সংখ্যা

	ষষ্ঠ	সপ্তম	অষ্টম	নবম	দশম
বালক					
বালিকা					
মোট					

৪. **ক) সঠিক ঘরে ✓ চিহ্ন দিন**

শিক্ষার্থীদের অংশ গ্রহণের নিরিখে কর্মসূচিগুলির তুলনামূলক জনপ্রিয়তা নির্দেশ করুন

কার্যাবলি	বেশি	সাধারণ	কম
বিতর্ক			
প্রশ্নোত্তর			
প্রবন্ধ রচনা			
চিত্র ও পোস্টার অংকন			
নাটক/ সঙ্গীত/ কবিতা			

খ) এই কর্মসূচিতে অভিভাবকদের সংযুক্তিকরণ

বেশি ☐ সাধারণ ☐ কম ☐

গ) দলগত কাজ কতটা ফলপ্রসূ

ভাল ☐ সাধারণ ☐ ভাল নয় ☐

৫. **এই কর্মসূচিকে ভবিষ্যতে সফলতর করার জন্য আপনার সুচিন্তিত মতামত ও পরামর্শ দিন।**

....

....

....

ভারত সরকারের দশম পঞ্চবার্ষিকী পরিকল্পনার অর্ন্তগত এবং জাতীয় শিক্ষা গবেষণা ও প্রশিক্ষণ পরিষদ দ্বারা পরিচালিত জনসংখ্যা বিষয়ক শিক্ষা প্রকল্পের একটি অংশ হিসাবে এই পুস্তিকা প্রকাশ করা হল।